**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল অ্যালেগানি স্টেট পার্কে 6.8 মিলিয়ন মার্কিন ডলারের বাইক-হাইক ট্রেইল সম্প্রসারণের ঘোষণা করলেন**

***র‍্যালফ সি. উইলসন ফাউন্ডেশন থেকে পাওয়া 1.22 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা সমর্থিত হবে***

***নতুন 3.6 মাইল ট্রেইল ক্যাম্পার, হাইকার এবং বাইকারদের জন্য জনপ্রিয় কোয়াকার লেক বীচ এলাকায় যাতায়াতের সুযোগ সম্প্রসারিত করে***

***মিডওয়ে স্টেট পার্কে ঐতিহাসিক ফেরিস হুইল খুলবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অ্যালেগানি স্টেট পার্কে (Allegany State Park, ASP) নতুন 6.8 মিলিয়ন মার্কিন ডলারের মিশ্র ব্যবহারের ট্রেইলের কাজ শেষ হয়েছে যা বাইকার, হাইকার এবং ক্যাম্পারদেরকে পার্কের জনপ্রিয় কোয়াকার লেক বীচ এলাকায় পৌঁছানোর একটি অ্যাক্সেসিবল বিকল্প প্রদান করে। নতুন ট্রেইলটি স্টেট পার্ক ব্যবস্থার সর্ববৃহৎ ক্যাম্পগ্রাউন্ডসহ অ্যালেগানি স্টেট পার্কে গ্রীষ্মকালীন ক্যাম্পিং মৌসুমের সময় খুলছে।

"অ্যালেগানি স্টেট পার্ক হলো মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে সেরা বনভূমি পার্কগুলির একটি এবং এই প্রকল্পটি দর্শনার্থীদের জন্য কাছের ক্যাম্পিং এলাকা, হাইকিং ট্রেইল এবং বিনোদনমূলক এলাকা থেকে কোয়াকার লেক (Quaker Lake) বীচে যাতায়াত সহজতর ও নিরাপদতর করবে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পটি শুধু নিউ ইয়র্ককে এর দেশের সেরা জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করবে না, বরং এটি নিউ ইয়র্ক স্টেটে আউটডোর বিনোদনের সুযোগ সম্প্রসারণ করার জন্য র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের (Ralph C. Wilson Jr. Foundation) সাথে স্টেটের চলমান অংশীদারিত্বকে প্রতিফলিত করবে।"

নতুন 3.6 মাইলের পাকা ট্রেইলটি ট্যাফট কেবিন ট্রেইল (Taft Cabin Trail) থেকে কোয়াকার জেনারেল স্টোর (Quaker General Store) এবং পার্কের ভাড়া নেওয়ার অফিস পর্যন্ত রুট 3 এর উত্তর পাশে, 2020 সালের ফল মৌসুমে খুলে দেওয়া একটি 1.6 মাইল ট্রেইলের অংশকে বিস্তৃত করে। আটটি পথচারী সেতু এবং জলাভূমি পার হওয়ার জন্য একটি উঁচু বোর্ডওয়াকসহ নতুন এই বিস্তৃত অংশটি, জেনারেল স্টোর থেকে কোয়াকার লেক বীচ পর্যন্ত পশ্চিমমুখী। কোয়াকার রান এরিয়া (Quaker Run Area) ট্রেইল সম্প্রসারণ প্রকল্পটি এছাড়াও স্টেট পার্কের 2 মিলিয়ন মার্কিন

দলের মূলধন তহবিল এবং সেই সাথে র‍্যালফ সি. উইলসন ফাউন্ডেশনের 1.22 মিলিয়ন মার্কিন ডলার, পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) পরিবহন বিকল্প কর্মসূচি (Transportation Alternative Program) থেকে পাওয়া 2.88 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং একটি ভূমি ও পানি সংরক্ষণ তহবিলের (Land and Water Conservation Fund) অনুদান দ্বারা সমর্থিত হচ্ছে।

**নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন,** "1921 সালে খোলার পর থেকেই অ্যালেগানি স্টেট পার্ক স্টেট পার্কসের একটি রত্ন হয়ে আছে। এই প্রকল্পটি ব্যস্ত রুট 3 ব্যবহার না করে কোয়াকার রান এরিয়ার আরো বেশি অংশ দেখতে আমাদের দর্শনার্থীদের সাহায্য করবে। র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের সাথে আমাদের অংশীদারিত্ব, যা এই কাজকে উদারভাবে সমর্থন করেছে, এর মতো অংশীদারিত্ব পার্ক এবং আমাদের দর্শনার্থী উভয়ের জন্য দারুণ লাভজনক।"

64,800 একর পার্কটির দক্ষিণপশ্চিম অংশে অবস্থিত কোয়াকার রান এরিয়াটিতে রয়েছে মাউন্ট টুসক্যারোরা ফায়ার টাওয়ার (Mount Tuscarora Fire Tower), অনেক মাইল হাইকিং ট্রেইল, "বিয়ার কেভস" নামক পাথরের গঠন, ওল্ড কোয়াকার স্টোর জাদুঘর (Old Quaker Store Museum), এবং অনেক ভাড়া নেওয়ার কেবিন ও ক্যাম্পসাইট। কেইন হলো (Cain Hollow) ক্যাম্পগ্রাউন্ডটিও পার্কের কোয়াকার রান পাশে অবস্থিত।

রুট 3 পার্কের ব্র্যাডফোর্ড প্রবেশপথের কাছে রুট 2 এর দক্ষিণ প্রান্ত থেকে পূর্ব থেকে পশ্চিমে কোল্ডস্প্রিংয়ে পার্কের কোয়াকার রান প্রবেশপথে স্টেট রুট 280 পর্যন্ত যায়।

গত দুই দশকে, 14.7 মিলিয়নের বেশি মানুষ কোয়াকার রান এরিয়াতে বেড়াতে এসেছে, যা হলো গড়ে প্রতি বছর প্রায় 740,000 দর্শনার্থী। নতুন মিশ্র ব্যবহারের ট্রেইলটি বনভূমির মধ্যে দিয়ে, ঝর্ণা ও অন্যান্য প্রাকৃতিক বৈশিষ্ট্যকে পার হয়ে যায়, ট্রেইলহেড, কেবিন এবং কটেজ ট্রেইল, এবং কোয়াকার লেক বীচ এলাকার রাস্তা সংলগ্ন পার্কের অন্যান্য সুযোগসুবিধাকে সংযুক্ত করে।

**র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের পার্ক, ট্রেইল, এবং সবুজ নকশার পরিচালক জেজে টিঘে বলেন,** "অ্যালেগানি স্টেট পার্কে কোয়াকার এরিয়া মিশ্র ব্যবহারের ট্রেইলের প্রথম 1.6 মাইল পর্যায়ে দুর্দান্ত কাজ করা হয়েছে এবং পরবর্তী 3.6 মাইলের কাজ শেষ করার ব্যাপারে আমরা অত্যন্ত উৎসুক। এটি দর্শনার্থীদের জন্য অত্যন্ত যানবাহনপূর্ণ রুট 3 এড়িয়ে ঘোরাঘুরি, প্রকৃতির সাথে সংযুক্ত হওয়া, এবং কোয়াকার লেক বীচ এলাকায় যাত্রা করার জন্য মোট 5.2 মাইল ট্রেইল তৈরি করবে। যেহেতু ট্রেইলটি যাতে সকল আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) নির্দেশনা অনুসরণ করে তা নিশ্চিত করতে মনোযোগ দেওয়া হয়েছে, তাই এটি অঞ্চলের নিরাপদ, অন্তর্ভুক্তিকর, এবং অ্যাক্সেসিবল একটি সম্পদ যা সকল সক্ষমতার মানুষকে বিস্তৃত স্টেট পার্কটি উপভোগ করার সুযোগ প্রদান করে।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "ঘরের বাইরে গিয়ে অ্যালেগানি স্টেট পার্কের প্রাকৃতিক বিস্ময় উপভোগ করার জন্য এটিই বছরের সেরা

সময়। এবং নতুন এই মিশ্র ব্যবহারের ট্রেইলের ফলে দর্শনার্থীরা এখন পার্কের আরো বেশি অংশ ব্যস্ত রাস্তা এড়িয়ে, নিরাপদে ঘুরে দেখতে পারবে। নিউ ইয়র্ক স্টেটের DOT দারুণ এই অবকাঠামো প্রকল্পের পার্কের সাতে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত, এটি এমন সক্রিয় পরিবহনকে সমর্থন করে যা ব্যবহার ও উপভোগ করার সুযোগ সকল নিউ ইয়র্কবাসী পাবে।"

2014 সালে আমেরিকান ফুটবল লীগের (American Football League) সহপ্রতিষ্ঠাতা এবং বাফেলো বিলসের সাবেক মালিক র‍্যালফ সি. উইলসন জুনিয়রের মৃত্যুর পূর্বে তার দ্বারা স্থাপিত ফাউন্ডেশনটি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক স্টেট এবং সাউথইস্ট মিশিগানে বিনোদনমূলক প্রকল্পকে সমর্থন করে।

2018 সালের অক্টোবর মাসে, ফাউন্ডেশন 200 মিলিয়ন মার্কিন ডলারের একটি পার্ক ও ট্রেইল উদ্যোগ (Parks & Trails Initiative) শুরু করে, নিউ ইয়র্ক ও মিশিগান উভয়ে এর থেকে 100 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে। এর মধ্যে রয়েছে সংযোগ তৈরি এবং আঞ্চলিক ট্রেইল ব্যবস্থার শূন্যস্থান পূরণের জন্য প্রতি অঞ্চলে 50 মিলিয়ন মার্কিন ডলার।

নিউ ইয়র্ক স্টেটে উইলসন ফাউন্ডেশন 750 মাইল এম্পায়ার স্টেট ট্রেইল সংলগ্নে বাফেলো, নায়াগ্রা ফলস এবং রচেস্টারে গেটওয়ে তৈরির সমর্থনে; 90 মাইল জিনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্ক এবং নায়াগ্রা শোরলাইন ট্রেইলের উন্নয়নে; এবং ইরি কাউন্টিতে তরুণদের বিনোদনের জন্য ল্যাডারস টু দ্য আউটডোরস কর্মসূচির জন্য মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

উইলসন ফাউন্ডেশনের কাছে 20 বছরে 1.2 বিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদানের সক্ষমতা রয়েছে, যা 2035 সালের জানুয়ারি মাসে শেষ হবে। ফাউন্ডেশনের প্রভাব যাতে তাৎক্ষণিক, উল্লেখযোগ্য, পরিমাপযোগ্য এবং উইলসনকে যারা ভালোমতো চিনতো তাদের দ্বারা তত্ত্বাবধান করা হয় সে নিয়ে উইলসনের ইচ্ছা এই কাঠামোটিতে প্রতিফলিত হয়। আরো তথ্যের জন্য ralphcwilsonjrfoundation.org ভিজিট করুন।

**স্টেটের সিনেটর জর্জ বোরেলো বলেন,** "কোয়াকার রান এরিয়া ট্রেইলের এই পাকা সংযোজনটি পার্কের দর্শনার্থী, বিশেষ করে সীমিত সচলতাসহ দর্শনার্থীদেরকে তাদের কেবিন ও ক্যাম্পসাইট থেকে কোয়াকার লেক বীচ এলাকার আশেপাশের মুখ্য পয়েন্টগুলিতে প্রায়শই যানবাহনের ভিড় নিয়ে অত্যন্ত ব্যস্ত থাকা ASP রুট 3 ব্যবহার না করেই যাতায়াতের সক্ষমতা প্রদান করে। নিউ ইয়র্কের সর্ববৃহৎ স্টেট পার্ক হিসেবে, অ্যালেগানি প্রতি বছর 1.5 মিলিয়নের বেশি দর্শনার্থীকে আকৃষ্ট করে এবং এটি ক্যাটারাগাস কাউন্টি এবং পুরো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য একটি প্রধান অর্থনৈতিক চালক। ট্রেইলের নতুন এই অংশটি কোয়াকার রান এরিয়ার দর্শনার্থীদের অভিজ্ঞতা উন্নত করবে। এই প্রকল্পকে সমর্থন করার জন্য র‍্যালফ সি. উইলসন ফাউন্ডেশনকে এবং এর প্রয়োজন উপলব্ধি করা এবং এর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য জোসেফ জিগিলো বলেন,** "আমার জেলার একটি প্রকৃত সম্পদ, অ্যালেগানি স্টেট পার্কের মধ্যকার এই ট্রেইলটির সম্প্রসারণ দেখে আমি অত্যন্ত খুশি। এটি গুরুত্বপূর্ণ একটি প্রকল্প এবং এর ফলে দর্শনার্থীরা পার্কের সম্প্রসারিত বিনোদন ও শিক্ষামূলক

কর্মকাণ্ড ও সেই সাথে উন্নত নিরাপত্তা বৈশিষ্ট্যের সাতে পার্কটির প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে পারবে। পাশাপাশি, পরিবেশের সুরক্ষা প্রদান এবং পার্কের অতিথিদের জন্য আরো ভালো একটি অভিজ্ঞতা তৈরির জন্য অবকাঠামোটিকে উন্নত করা হয়েছে। ট্রেইলের এই সম্প্রসারণটি হলো সরকারি অলাভজনক অংশীদারিত্বের নিখুঁত একটি উদাহরণ যা সকলের জন্য লাভজনক হয় এবং মানুষকে বাইরে এসে, বিশেষ করে কোভিড মহামারীর পর বাইরে এসে আমাদের সুন্দর দৃশ্যের পার্ক দেখতে দেয়।"

ট্রেইলের সম্প্রসারণের পাশাপাশি, গ্রীষ্মকালীন মৌসুমের জন্য তিনটি নতুন সকলের ব্যবহারের জন্য রেস্টরুম/গোসলখানার ভবন নির্মাণের 4.24 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্পের কাজ শেষ হয়েছে। নতুন ফ্যাসিলিটিগুলি কোয়াকার রান এরিয়া, কাইজার কেবিন ট্রেইল, ক্রিকসাইড কেবিন ট্রেইল, এবং হর্সশু কেবিন ট্রেইলে রয়েছে।

**ক্যাটারাগাস কাউন্টি আইনসভার (Cattaraugus County Legislature) সভাপতি হাওয়ার্ড ভ্যানরেনসেলার বলেন,** "ক্যাটারাগাস কাউন্টির জন্য পর্যটন অতিমাত্রায় গুরুত্বপূর্ণ। ক্যাটারাগাস কাউন্টির 'অবশ্যই দেখতে হবে' এমন গন্তব্যগুলির একটি হলো অ্যালেগানি স্টেট পার্ক, যা স্টেট ব্যবস্থার সর্ববৃহৎ স্টেট পার্কগুলির একটি। এই স্টেট পার্কের বাইক হাইক ট্রেইল সিস্টেমে 6.8 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের আজকের ঘোষণাটি আগ্রহের সাথে গৃহীত হইছে এবং এটি কাউন্টির এই গন্তব্যটিকে দারুণভাবে উন্নত করবে। আমরা এই বিনিয়োগকে স্বাগত জানাচ্ছি এবং দর্শনার্থী ও কাউন্টির বাসিন্দা সকলের জন্য এই ভেন্যুকে উন্নত করার জন্য উন্মুখ।"

**মিডওয়ে স্টেট পার্ক ফেরিস হুইল**

এই সপ্তাহান্তে শ্যাটাকোয়া কাউন্টির মিডওয়ে ঐতিহাসিক স্টেট পার্কে (Midway Historic State Park) নতুনভাবে পুনর্বাসিত একটি ঐতিহাসিক ফেরিস হুইলও খুলে দেওয়া হবে। 1948 এলি ব্রিজ ফেরিস হুইলটি পেনসিলভ্যানিয়ার অলটুনার একটি অ্যামিউজমেন্ট পার্ক থেকে এসেছে। 30 ফুট ফেরিস হুইলটির ক্রয় ও পুনর্বাসনের ফলে অ্যালেগানি আঞ্চলিক পার্ক কমিশন (Allegany Regional Park Commission), প্রাকৃতিক ঐতিহ্য ট্রাস্ট (Natural Heritage Trust), এবং ফ্রেন্ডস অফ মিডওয়ে স্টেট পার্কের (Friends of Midway State Park) নেতৃত্বে এবং স্টেট পার্কের কর্মীদের কাজের মাধ্যমে একটি অর্থ উত্তোলন ক্যাম্পেইন শুরু হবে। মিডওয়ে স্টেট পার্ক হলো শ্যাটাকোয়া লেকের তীরে অবস্থিত একটি পরিবারবান্ধব গন্তব্য। 1898 সালে প্রথম একটি ট্রলি পার্ক হিসেবে প্রতিষ্ঠিত মিডওয়ে স্টেট পার্কটি হলো দেশের সবথেকে পুরনো ধারাবাহিকভাবে সক্রিয় অ্যামিউজমেন্ট পার্কগুলির একটি।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা গত বছর রেকর্ড সংখ্যক 79.5 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। এই বিনোদন কেন্দ্রসমূহ সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে চাইলে কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন parks.ny.gov, বা সংযুক্ত হন ফেসবুকে, বা ফলো করুন টুইটারে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন